# খুলনা কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি লিঃ

**নিবন্ধন নং-০২/১৯৯৫/কে, তারিখঃ ১৮/০৫/১৯৫৫ খ্রি.**
**সংশোধিত নিবন্ধন নং-০১/২০০৩, তারিখঃ ১৩/৯/২০০৩ খ্রি.**
**শরীফ আমজাদ হোসেন সড়ক, পাবলা দৌলতপুর, খুলনা।**

স্মারক নং- অন্তর্বর্তী/০৮ তারিখঃ ২৯/১২/২০২৫ খ্রি.।

এতদ্বারা খুলনা কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি লিঃ দৌলতপুর, খুলনার সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির বিগত ২৯/১১/২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ০১/০২/২০২৬ খ্রি. তারিখ রোজ রবিবার অনুষ্ঠিতব্য সমিতির বিশেষ সাধারণ সভার মাধ্যমে ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের নিমিত্ত নির্বাচন কমিটির ২৯/১২/২০২৫ খ্রি. তারিখের সভায় প্রনীত ব্যবস্থাপনা কমিটির নির্বাচনী তফসিল সমিতির সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে নিম্নরূপভাবে ঘোষণা করা হলো।

## নির্বাচনী তফসিল/২০২৬ খ্রি.

| ক্রঃ নং | কর্মসূচি | স্থান | তারিখ | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মনোনয়নপত্র বিতরণ | সমিতির কার্যালয় | ০৫/০১/২০২৬ খ্রি. ও ০৬/০১/২০২৬ খ্রি. | সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত | নির্বাচন কমিটি মনোনয়নপত্র বিতরণ করবেন |
| ০২ | মনোনয়নপত্র জমাদানের তারিখ | সমিতির কার্যালয় | ০৮/০১/২০২৬ খ্রি. | সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত | নির্বাচন কমিটি/প্রতিনিধি মনোনয়নপত্র গ্রহণ করবেন |
| ০৩ | মনোনয়নপত্র বাছাই | সমিতির কার্যালয় | ১১/০১/২০২৬ খ্রি. | সকাল ১০ টা থেকে | প্রার্থী বা তার প্রতিনিধি উপস্থিত থাকবেন |
| ০৪ | মনোনয়নপত্র বাছাইঅন্তে প্রার্থীর প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ১১/০১/২০২৬ খ্রি. | মনোনয়নপত্র বাছাইয়ের পর | -- |
| ০৫ | প্রাথমিক খসড়া তালিকায় কোন প্রার্থীর মনোনয়নপত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিলকৃত প্রার্থীর আপিল আবেদন দাখিল | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা বরাবর (বিভাগীয় কমিশনারের ভবন, বয়রা, খুলনা)। | ১২/০১/২০২৬ খ্রি. ও ১৩/০১/২০২৬ খ্রি. (দুই কর্ম দিবস) | অফিস চলাকালীন সময়ে | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা (বিভাগীয় কমিশনারের ভবন, বয়রা, খুলনা)। |
| ০৬ | আপিল শুনানি ও নিষ্পত্তি | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা মহোদয় কর্তৃক (বিভাগীয় কমিশনারের ভবন, বয়রা, খুলনা)। | ১৪/০১/২০২৬ খ্রি. ১৫/০১/২০২৬ খ্রি. ও ১৮/০১/২০২৬ খ্রি. (তিন কর্ম দিবস) | অফিস চলাকালীন সময়ে | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা (বিভাগীয় কমিশনারের ভবন, বয়রা, খুলনা)। |
| ০৭ | নির্বাচন কমিটি কর্তৃক বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ১৯/০১/২০২৬ খ্রি. | সকাল ১০ টা | নোটিশ বোর্ড |
| ০৮ | প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ | সমিতির কার্যালয় | ২০/০১/২০২৬ খ্রি. | সকাল ১০ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত | নির্বাচন কমিটি বরাবর আবেদন দাখিল করতে হবে। |
| ০৯ | প্রতীক বরাদ্দ | সমিতির কার্যালয় | ২০/০১/২০২৬ খ্রি. | দুপুর ১ টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত | নির্বাচন কমিটি প্রতীক বরাদ্দ করবেন, প্রার্থী অথবা তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন। |
| ১০ | চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ২০/০১/২০২৬ খ্রি. | বিকাল ৪ টা | -- |
| ১১ | ভোট গ্রহণ | সমিতির কার্যালয় | ০১/০২/২০২৬ খ্রি. | সকাল ১০ টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত বিরতিহীনভাবে | -- |
| ১২ | ফলাফল ঘোষণা | সমিতির কার্যালয় | ০১/০২/২০২৬ খ্রি. | ভোট গণনা শেষে | -- |

## নির্বাচন সম্পর্কে জ্ঞাতব্য বিষয়ঃ

১। নির্বাচন সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এবং সংশ্লিষ্ট সমিতির উপ আইন মোতাবেক অনুষ্ঠিত হবে।

২। সমিতির উপআইন মোতাবেক ব্যবস্থাপনা কমিটির মোট ০৬ টি পদের ০৪ টি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে; বাকী ০২ টি পদে সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত, ২০০২, ২০১৩) এর ধারা ১৮(২)(খ) মোতাবেক নিবন্ধক কর্তৃক মনোনীত হবেন। নির্বাচনযোগ্য পদ সমূহ সভাপতি পদে ০১ জন, সহ সভাপতি পদে ০১ জন এবং ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে ০২ জন্।

৩। সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক নির্বাচনে আগ্রহী প্রত্যেক প্রার্থীকে সভাপতি পদের জন্য ৪,০০০/- টাকা, সহ সভাপতি পদের জন্য ৩,০০০/- টাকা, এবং ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে ২,০০০/- টাকা অফেরতযোগ্য জামানত প্রদান করে জমা রশিদের মূল কপি মনোনয়নপত্রের সাথে দাখিল করতে হবে। মনোনয়নপত্র নির্বাচন কমিটির নিকট থেকে তফসিলে উল্লেখিত সময়ে সংগ্রহ করা যাবে।

৪। মনোনয়নপত্র বাছাই, প্রতীক বরাদ্ধ ও অন্যান্য কার্মকান্ড চলাকালীন সময়ে প্রার্থী অথবা তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

৫। মনোনয়নপত্রের সাথে প্রার্থীর ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংশ্লিষ্ট প্রাথমিক সমিতির সভাপতি/সম্পাদক/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং উপজেলা/জেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষর করে জমা দিতে হবে এবং বয়স প্রমানের জন্য মনোনয়নপত্রের সাথে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

৬। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক সকল প্রার্থীকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ধারা ১৮(৮), ১৯ সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর বিধি ২৪ এবং সংশ্লিষ্ট সমিতির উপ আইন মোতাবেক যোগ্য হতে হবে।

৭। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), এর ধারা ৩৭ এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর বিধি ৮৮(৩) এবং সমিতির উপ আইন অনুসরণ করতে হবে।

৮। প্রতীক সমূহঃ

| ক্রমিক নং | পদের নাম | প্রতীক | মন্তব্য |
|---|---|---|---|
| ক. | সভাপতি | চেয়ার, আনারস, দোয়াতকলম, ছাতা; | |
| খ. | সহ-সভাপতি | মাছ, মটরসাইকেল, মই,মোমবাতি; | |
| গ. | ব্যবস্থাপনা কমিটির সদস্য | ঘুড়ি, বাইসাইকেল, কুড়াল, কলস, কলম, মোবাইল, জাহাজ, হাঁস। | |

প্রকাশ থাকে যে, প্রার্থীর সংখ্যা বেশি হলে অথবা একাধিক প্রার্থী একই প্রতীক দাবী করলে নির্বাচন কমিটি প্রতীক বরাদ্দের সময় বর্ণিত প্রতীক ভিন্ন অন্য প্রতীক বরাদ্দ করবেন।

৯। চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত সদস্য সমিতি ব্যতীত অন্য কোন সমিতির প্রতিনিধি নির্বাচনে অংশগ্রহণ বা নির্বাচনে ভোট দিতে পারবে না।

১০। নির্বাচন কমিটি কর্তৃক সরবরাহকৃত মনোনয়নপত্র ব্যতীত মনোনয়নপত্রের কোন ফটোকপি গ্রহণযোগ্য নয়।

১১। মনোনয়নপত্রে কোন ধরনের ঘষামাজা, কাটাকাটি বা ফ্লুইড ব্যবহার করা যাবে না।

১২। কোন প্রার্থী একাধিক পদে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন না।

১৩। কোন ঋণখেলাপী সদস্য নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে না এবং সমিতির কোন কর্মচারি নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে না।

১৪। সদস্য সমিতির প্রতিনিধি ব্যতীত কোন ব্যক্তি প্রার্থীর এজেন্ট হতে পারবে না।

১৫। ব্যালট পেপারে প্রার্থীগণের নামের অদ্যাক্ষর অনুসারে নাম সন্নিবেশিত হবে; এক্ষেত্রে মূল নাম বিবেচ্য হবে।

১৬। নির্বাচন সংক্রান্ত বিষয়ে কারও কোন জিজ্ঞাসা থাকলে বা জানার প্রয়োজন হলে নির্বাচন কমিটির সভাপতির নিকট থেকে জানা যাবে।

১৭। প্রত্যেক প্রতিদ্বন্ধী প্রার্থীকে সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের ৩৬ ঘন্টা পুর্বে নির্বাচনী প্রচারণা বন্ধ করতে হবে।

১৮। উক্ত নির্বাচনে প্রতিদ্ধন্ধিতা/ভোট প্রদানের নিমিত্ত স্ব স্ব প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী ও সদস্য পরিচয়পত্র সংশ্লিষ্ট প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতি/সম্পাদক/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরসহ জমা প্রদান করতে হবে।

(এমারকিব হাসান)
সহকারী প্রশিক্ষক
জেলা সমবায় কার্যালয়, খুলনা
ও
সদস্য
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬
খুলনা কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি লিঃ
শরীফ আমজাদ হোসেন সড়ক, পাবলা,
দৌলতপুর, খুলনা।

(সুবীর কুমার ঘোষ)
পরিদর্শক
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা
ও
সদস্য,
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬
খুলনা কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি লিঃ
শরীফ আমজাদ হোসেন সড়ক, পাবলা,
দৌলতপুর, খুলনা।

(মো: ফরিদ আহমেদ)
উপজেলা সমবায় অফিসার
রূপসা, খুলনা
ও
সভাপতি,
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬
খুলনা কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি লিঃ
শরীফ আমজাদ হোসেন সড়ক, পাবলা,
দৌলতপুর, খুলনা।

স্মারক নং- অন্তর্বর্তী/০৮/১(৭২)　　　　　　　　　　　　　　　　　　তারিখঃ ২৯/১২/২০২৫ খ্রি.

অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা;

২। জেলা সমবায় অফিসার, খুলনা;

৩। উপজেলা সমবায় অফিসার, দিঘলিয়া/ডুমুরিয়া/পাইকগাছা/কয়রা/বটিয়াগাটা/দাকোপ/ফুলতলা/তেরখাদা/রূপসা ও মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সদর, খুলনা;

৪। জনাব সুবীর কুমার ঘোষ, পরিদর্শক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা ও সদস্য, নির্বাচন কমিটি, ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬, খুলনা কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি লিঃ, শরীফ আমজাদ হোসেন সড়ক, পাবলা, দৌলতপুর, খুলনা।

৫। জনাব এম রাকিব হাসান, সহকারী প্রশিক্ষক, জেলা সমবায় কার্যালয়, খুলনা ও সদস্য নির্বাচন কমিটি, ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬ খুলনা কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি লিঃ, শরীফ আমজাদ হোসেন সড়ক, পাবলা, দৌলতপুর, খুলনা। ক্রমিক নং ৪ ও ৫ এ বর্ণিত সম্মানীত নির্বাচন কমিটির সদস্যদ্বয়কে নির্বাচনের তফসিলে বর্ণিত তারিখের প্রতি কর্মকান্ডে/সভায় উপস্থিত থাকতে অনুরোধ করা হলো।

৬। সভাপতি/সদস্য অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, খুলনা কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি লিঃ, শরীফ আমজাদ হোসেন সড়ক, পাবলা, দৌলতপুর, খুলনা। তাঁকে সমিতির সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে উক্ত নির্বাচনী তফসিল জরূরী ভিত্তিতে জারি করা সহ নোটিশ বোর্ডে সকল সদস্যদের জ্ঞাতার্থে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

৭। জনাব --------------------------------------------------------------------, সদস্য খুলনা কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি লিঃ, খুলনা। গ্রামঃ --------------------------------, পোঃ---------------------------------- দিঘলিয়া/ডুমুরিয়া/পাইকগাছা/কয়রা/বটিয়াঘাটা/দাকোপ/ফুলতলা/তেরখাদা/রূপসা ও মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, খুলনা।

৮। নোটিশ বোর্ড।

২৯/১২/২৫

(মো: ফরিদ আহমেদ)
উপজেলা সমবায় অফিসার
রূপসা, খুলনা
ও
সভাপতি,
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬
খুলনা কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি লিঃ
শরীফ আমজাদ হোসেন সড়ক,
পাবলা, দৌলতপুর, খুলনা।
মোবাইল: ০১৭১৪-৯৩৯১২৭